

নং-২৪.০১.০০০০.০০১.০৪.১২৯.২০১৪- ৮৬৮


তারিখঃ ২১/১১/২০১৭খ্রিঃ।

### নিয়োগ বিজ্ঞপ্তি

মহামান্য সুপ্রিমকোর্ট ও বিজ্ঞ নিম্ন আদালতে বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের আওতাধীন পাট অধিদপ্তরের মামলাসমূহের বিষয়ে প্রয়োজনীয় আইনগত মতামত/পরামর্শ প্রদান এবং সংশ্লিষ্ট আদালতে পাট অধিদপ্তরের পক্ষে মামলাসমূহ যথাযথভাবে পরিচালনার জন্য ১ (এক) জন আইন উপদেষ্টা (লিগ্যাল এ্যাডভাইজার) নিয়োগের নিমিত্ত আগ্রহী বিজ্ঞ আইনজীবীদের নিকট হতে নিম্নোক্ত শর্তে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে।

### শর্তাবলি

- ১। আবেদনকারী বিজ্ঞ আইনজীবীকে ঢাকায় বসবাস করতে হবে এবং আদালতে সুনামের সাথে নিয়মিত মামলা পরিচালনার অভিজ্ঞতা থাকতে হবে;
- ২। বাংলাদেশ সুপ্রীমকোর্টের আপিল বিভাগে মামলা পরিচালনায় কমপক্ষে ০৫(পাঁচ) বছরের অভিজ্ঞতাসহ আইনজীবী হিসেবে ন্যূনতম ১৫ (পনের) বছরের অভিজ্ঞতা থাকতে হবে;
- ৩। আইনজীবীকে চাকরি সংক্রান্ত বিধি-বিধান, শিল্প আইন, শ্রম আইন, বাণিজ্যিক আইন, স্টেট/সম্পত্তি আইন, কোম্পানী আইন, দেওয়ানী আইন, ফৌজদারী আইন, চুক্তি আইন, সম্পত্তি হস্তান্তর আইন ও অর্থ ঋণ আইন ইত্যাদি বিষয়ে অভিজ্ঞতাসম্পন্ন হতে হবে;
- ৪। আবেদনকারীর বয়স ১২/১২/২০১৭ খ্রি: তারিখে ন্যূনতম ৪৫ (পঁয়তাল্লিশ) বছর হতে হবে;
- ৫। প্রাথমিকভাবে ২(দুই) বছর মেয়াদের জন্য আইন উপদেষ্টা নিয়োগ করা হবে;
- ৬। অন্য কোন প্রতিষ্ঠানে প্যানেল আইনজীবী/আইন উপদেষ্টা হিসেবে নিয়োজিত থাকলে তা উল্লেখ করতে হবে;
- ৭। আবেদনকারীকে আবেদনে (১) নাম (২) পিতার নাম (৩) মাতার নাম (৪) বর্তমান ঠিকানা (৫) স্থায়ী ঠিকানা (৬) টেলিফোন/সেলফোন নম্বর (৭) ই-মেইল (৮) জন্ম তারিখ (৯) বয়স (১২/১২/২০১৭ খ্রি: তারিখে) (১০) জাতীয়তা (১১) শিক্ষাগত যোগ্যতা (১২) বাংলাদেশ বার কাউন্সিলে এনরোলমেন্টের তারিখ উল্লেখ করতে হবে;
- ৮। সম্মানী আলোচনা সাপেক্ষে।
- ৯। আবেদনপত্রের সাথে সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র, আইনজীবী হিসেবে এনরোলমেন্টের সনদ, জাতীয় পরিচয়পত্র (NID) এর সত্যায়িত ফটোকপি এবং ৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি সংযুক্ত করতে হবে;
- ১০। আবেদনকারীকে আগামী ১২/১২/২০১৭ খ্রি: তারিখের মধ্যে মহাপরিচালক, পাট অধিদপ্তর, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০ বরাবর আবেদনপত্র দাখিল করতে হবে;
- ১১। আবেদনপত্র গ্রহণ, বাছাই এবং নিয়োগের বিষয়ে কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে। এ বিজ্ঞপ্তি আংশিক/সম্পূর্ণ পরিবর্তন/বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে;



(লোকমান আহমদ)  
পরিচালক (প্রশাঃ ও অর্থ)  
পাট অধিদপ্তর, ঢাকা  
ফোনঃ ৯৫৬৬৭১৪।